

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০১২.২৩.০০১.২০-২৬৭

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬
১০ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: 'কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) ২০২০' নির্বাচনের লক্ষ্যে আবেদন আহ্বান।

কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি নীতিমালা ২০১৯ (এআইপি নীতিমালা ২০১৯) অনুযায়ী প্রথমবারের মত এআইপি (Agricultural Important Person) নির্বাচন করা হবে। এআইপি ২০২০ নির্বাচনের নিমিত্ত আবেদন আহ্বান করা হচ্ছে।


এআইপি নীতিমালা ২০১৯ অনুযায়ী নিম্নবর্ণিত বিভাগসমূহে এআইপি নির্বাচন করা হবেঃ-

- (ক) কৃষি উদ্ভাবন (জাত/প্রযুক্তি)
- (খ) কৃষি উৎপাদন/বাণিজ্যিক খামার স্থাপন ও কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প
- (গ) রপ্তানিযোগ্য কৃষি পণ্য উৎপাদন
- (ঘ) স্বীকৃত বা সরকার কর্তৃক রেজিস্ট্রিকৃত কৃষি সংগঠন
- (ঙ) বঙ্গবন্ধু কৃষি পুরস্কারে স্বর্ণপদকপ্রাপ্ত

আবেদন দাখিল ও বাছাইয়ের তফসিল নিম্নরূপ-

উপজেলা কমিটির নিকট নির্ধারিত ফরমে আবেদন দাখিলের সর্বশেষ তারিখ	১৪ এপ্রিল ২০২০
উপজেলা কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক জেলা কমিটির নিকট প্রেরণের সর্বশেষ তারিখ	৩০ এপ্রিল ২০২০
জেলা কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক আবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ	১৫ মে ২০২০

এআইপি ২০২০ নির্বাচনের নিমিত্ত নির্ধারিত আবেদন ফরম ও এআইপি নীতিমালা ২০১৯ কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.moa.gov.bd; কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে www.dae.gov.bd; কৃষি তথ্য সার্ভিসের ওয়েবসাইটে www.ais.gov.bd; পাওয়া যাবে। এছাড়াও এআইপি ২০২০ এর নির্ধারিত আবেদন ফরম উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল জেলা কার্যালয় ও সকল উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে। আবেদন পত্র সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।



(মীনাঙ্কী বর্মন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৪২৯

E-mail: admin1@moa.gov.bd